ইরানের সঙ্গে চলমান যুদ্ধ লক্ষ্য পূরণ না হওয়া পর্যন্ত চলবে: ট্রাম্প



প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। ছবি: সংগৃহীত

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প জানিয়েছেন, নির্ধারিত লক্ষ্য পূরণ না হওয়া পর্যন্ত ইরানকে ঘিরে চলমান সংঘাত বন্ধের কোনো পরিকল্পনা নেই।

শুক্রবার (১ মে) ফ্লোরিডা অঙ্গরাজ্যের দ্য ভিলেজেস চার্টার স্কুলে এক অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে তিনি এ মন্তব্য করেন।

আন্তর্জাতিক সংবাদমাধ্যম আল জাজিরার প্রতিবেদনে এ তথ্য উঠে এসেছে।

ট্রাম্প বলেন, তড়িঘড়ি করে পরিস্থিতি থেকে সরে দাঁড়াতে চান না তারা। এতে ভবিষ্যতে একই ধরনের সংকট আবারও তৈরি হতে পারে বলে আশঙ্কা করছেন তিনি।

ইরানের সাম্প্রতিক আলোচনার প্রস্তাব নিয়েও অসন্তোষ প্রকাশ করেন মার্কিন প্রেসিডেন্ট। তার ভাষায়, যুক্তরাষ্ট্র যে ধরনের সমঝোতা চায়, তেহরান এখনো সে অনুযায়ী প্রস্তাব দেয়নি। তবে শেষ পর্যন্ত নিজেদের লক্ষ্য অর্জনে সফল হবেন বলেও আশা প্রকাশ করেন তিনি।

অন্যদিকে, ইরান স্থায়ী সমাধান ও নিরাপত্তার নিশ্চয়তা ছাড়া কোনো সমঝোতায় যেতে আগ্রহী নয়। দেশটির কর্মকর্তারা বলছেন, গত এক বছরে দুই দফা বড় ধরনের হামলার মুখে পড়ার পর যুক্তরাষ্ট্রের ওপর তাদের আস্থা নেই।

ইরানের পক্ষ থেকে স্পষ্ট জানানো হয়েছে, বন্দরগুলোর ওপর আরোপিত মার্কিন নিষেধাজ্ঞা তুলে না নিলে আলোচনায় অগ্রগতি সম্ভব নয়। তবে নিষেধাজ্ঞা শিথিল করা হলে তারা সংলাপ এগিয়ে নিতে প্রস্তুত রয়েছে।